# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 15 June, 2025

কুড়িগ্রামের নাগেশ্বরীতে মাছ ধরতে গিয়ে পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে।রোববার বেলা ১১টার দিকে উপজেলার রায়গঞ্জ ইউনিয়নের পশ্চিম রায়গঞ্জ বালাবাড়ী এলাকায় ঘটনা ঘটে।নিহত শিশু ইব্রাহীম আলী (৮) ও তাবাসসুম (৯) সম্পর্কে মামাতো-ফুপাতো ভাইবোন বলে জানা গেছে।শিশু ইব্রাহীম ওই এলাকার আজিজুর রহমানের ছেলে এবং তাবাসসুম আব্দুর রহমানের মেয়ে।

স্থানীয়রা জানান, ইব্রাহীম আলী, তাবাসসুম ও মাহাবুর রহমান মিলে বাড়ীর পাশের ফুলকুমার নদে ছোট জাল নিয়ে মাছ ধরতে গিয়ে খালে পড়ে যায়।আশেপাশের লোকজন দেখতে পেয়ে প্রথমে মাহাবুর রহমানকে (১০) জীবিত উদ্ধার করে।এর প্রায় আধা ঘণ্টা পরে তাবাস্সুমকে উদ্ধার করে নাগেশ্বরী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।তবে দায়িত্বরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।এরপরে অনেক খোজাখুজি শেষে প্রায় ঘণ্টাখানেক পরে ইব্রাহীম আলীর মরদেহ উদ্ধার করা হয়।জীবিত উদ্ধার শিশু মাহাবুর রহমান ওই এলাকার আল আমিন মিয়ার ছেলে।

রায়গঞ্জ হাতিয়ারভিটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আল-আমিন হোসেন জানান, সকালে মাছ ধরতে গিয়ে পানিতে ডুবে তাদের মৃত্যু হয়।এ নিয়ে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

রায়গঞ্জ ইউপি চেয়ারম্যান আরিফুজ্জামান দ্বীপ মন্ডল বলেন, আমি ঘটনাস্থলে গিয়ে দেখে এসেছি।পরিবারের লোকজন জানায়, তিনটি বাচ্চা একসাথে ফুলকুমার নদে মাছ ধরতে নেমে বেশি পানিতে পড়ে যায়।একজনকে জীবিত উদ্ধার করে স্থানীয়রা।বাকি দুজন পানিতে মারা গেছে। ঘটনাটি খুবই দু:খের।বাবা মাদের সচেতন হতে হবে।ছোট বাচ্চারা যাতে একা একা নদীর পাড়ে না যায়।

নাগেশ্বরী থানার অফিসার ইনচার্জ রেজাউল করিম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলশ পাঠানো হয়েছে। আইনী প্রক্রিয়া চলছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 06:14

URL: https://timestodaybd.com/across-the-country/3415478466